এক নজরে ফাদার বেঞ্জামিন কস্তা, সিএসসি-এর জীবনী

জন্ম তারিখ: ২৬ সেপ্টেম্বর ১৯৪২ খ্রিস্টাব্দ
পিতা-মাতা: ম্যাথিও কস্তা ও এলিজাবেথ পালমা
ভাই-বোন: এগারো ভাই-বোনের মধ্যে দ্বিতীয়।
পৈতৃক বাসস্থান: মথুরাপুর সাধ্বী রীতার ধর্মপল্লীর অধীন রাজারদিয়ার গ্রামে।
পূর্ণ ঠিকানা: গ্রাম: রাজারদিয়ার, পো: চাটমোহর, জেলা: পাবনা।
সেমিনারীতে প্রবেশ: বান্দুরা ক্ষুদ্র পুষ্প সেমিনারীতে প্রবেশ - জানুয়ারি ১৯৫৮ খ্রিস্টাব্দ।
নবিশিয়েট: সেক্রেড হার্ট নবিশিয়েট, জর্ডান, মিনেসোটা। প্রবেশ: ১৫ আগষ্ট ১৯৬৫ খ্রিস্টাব্দ।
প্রথম ব্রত: ১৬ আগষ্ট ১৯৬৬ খ্রিস্টাব্দ।
আজীবন ব্রত: ১৬ আগষ্ট ১৯৭০ খ্রিস্টাব্দ।
যাজকীয় অভিষেক: ৭ জানুয়ারি ১৯৭১ খ্রিস্টাব্দ।

শিক্ষা জীবন
প্রাথমিক বিদ্যালয়: সেন্ট রীটাস প্রাথমিক বিদ্যালয়, মথুরাপুর (কেজি ১-২, ১ম ও ২য় শ্রেণি: ১৯৪৯-১৯৫২ খ্রিস্টাব্দ), হলিক্রস হাইস্কুল, বান্দুরা (তৃতীয় ও চতুর্থ শ্রেণি: ১৯৫৩-১৯৫৪ খ্রিস্টাব্দ)।
উচ্চ বিদ্যালয় (মাধ্যমিক): চাটমোহর পাইলট হাইস্কুল (পঞ্চম-সপ্তম শ্রেণি: ১৯৫৫-১৯৫৭ খ্রিস্টাব্দ) এবং বান্দুরা হলিক্রস হাইস্কুল (সপ্তম-দশম শ্রেণি: ১৯৫৮-১৯৬২ খ্রিস্টাব্দ), ম্যাট্রিকুলেশন ১৯৬২ খ্রিস্টাব্দ।
উচ্চ মাধ্যমিক (এইচএসসি): নটর ডেম কলেজ, ঢাকা (১৯৬২-১৯৬৪ খ্রিস্টাব্দ)
বি এ (দর্শনশাস্ত্র) : নটর ডেম বিশ্ববিদ্যালয়, ইণ্ডিয়ানা, যুক্তরাষ্ট্র (১৯৬৪-১৯৬৭ খ্রিস্টাব্দ)
ঐশতত্ত্ব/ধর্মতত্ত্ব : খ্রিস্টরাজা সেমিনারী, করাচি, পাকিস্তান (সেপ্টেম্বর ১৯৬৭ - মে ১৯৭১)
এমএ: (শিকাগো বিশ্ববিদ্যালয়, যুক্তরাষ্ট্র ১৯৭৪-১৯৭৬ খ্রিস্টাব্দ), ভাষাতত্ত্ব কোর্স (জর্জটাউন বিশ্ববিদ্যালয়, ওয়াশিংটন, জুলাই-সেপ্টেম্বর ১৯৭৬ খ্রিস্টাব্দ)।

কর্মজীবন
১৯৭১ খ্রিস্টাব্দের মে মাসের ৯ তারিখে অর্থাৎ মুক্তিযুদ্ধ শুরু হওয়ার মাত্র কয়েক সপ্তাহ পরেই আমি এবং আমার সহোদর ভ্রাতাতুল্য ফাদার বার্নার্ড পালমা ও আমি করাচি থেকে ঢাকায় ফিরে আসি। যুদ্ধকালীন সময়ে আমার মতো অল্পবয়সী যুবকদের ঢাকা শহরে থাকাটা নিরাপদ নয়, এই যুক্তিতে সংঘজেলার তৎকালীন অধ্যক্ষ ফাদার জিমারম্যান আমাকে "কয়েক মাসের জন্য" পাল-পুরোহিত ফাদার গেডার্টের সহকারী হিসাবে কাজ করার জন্য নাগরী মিশনে পাঠিয়ে দেন। সেখানে যাওয়ার দু'দিন পরেই অর্থাৎ ১৪ মে ১৯৭১ পাকবাহিনী জয়দেবপুরের অদূরে বেশ কয়েকটি হিন্দুপ্রধান এলাকা আক্রমণ করে শত শত নারী-পুরুষকে গুলি ক'রে হত্যা করে এবং বাইরা-কয়েরসহ বেশ কয়েটি গ্রাম জ্বালিয়ে দেয়। সন্ধ্যা নাগাদ প্রায় ছয় হাজার শরণার্থী এসে নাগরী মিশন ও সেন্ট নিকোলাস স্কুল প্রাঙ্গণে আশ্রয় নেয়। তাঁরা সঙ্গে বহন করে নিয়ে আসে তিনটি লাশ (যারা গুলি লেগে আহত হওয়ার পর গ্রাম ছেড়ে পালিয়ে আসার সময় রাস্তায় মারা যায়) এবং ১৯জন আহত লোককে। মৃতদেরকে নাগরী কবরস্থানে সমাধিস্থ করার পর আহতদের ছাত্রদের বর্ডিংয়ে রেখে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। বাগদী গ্রামের ডাঃ বার্ণাড রোজারিও এবং পাঞ্জোরা কনভেন্টের নার্স সিষ্টার ডলোরেস তাদের চিকিৎসা দেন। এরপর হতে প্রায় প্রতিদিনই আরও বেশি করে শরণার্থীদের সমাগম হতে থাকে কেননা পাক-মিলিটারী বাহিনী ক্রমাগত বেশি করে একের পর এক গ্রামগুলো পুড়িয়ে ছারখার কর দিচ্ছিল। এভাবেই মুক্তিযুদ্ধে নিহত ও আহতদের যত্ন নেওয়া এবং ধর্মপল্লীতে পালকীয় কাজ যেমন নাগরী ছাড়াও প্রতি রোববার বিকেলে ভাদুন গ্রামে (সে সময় ওখানে অস্থায়ী গির্জায় মিশা হতো বাইরে থেকে কোন যাজক পাওয়া গেলে) মিশা দিতাম, সেবকদের নিয়ে বিভিন্ন জায়গায় ঘুরতে যেতাম, ব্রাদারদের জুনিয়রেটের ছেলেদের, পাঞ্জোরা কনভেন্টের সিস্টারদের ছাত্রীদেরকে করাচিতে বার্থালোমিওর কাছে শেখা নতুন নতুন গান শেখাতাম।
যুদ্ধ শেষ হওয়ার কয়েকমাস পরেই অর্থাৎ ১৯৭২ এর সেপ্টেম্বর মাসে আমাকে নাগরী মিশন থেকে স্থানান্তরিত করে নটর ডেম কলেজে এসে স্কলাস্টিক সেমিনারীয়ানদের গঠন-প্রশিক্ষণের দায়িত্ব দেওয়া হয়। একই সময়ে কলেজে প্রশাসনিক কাজে সাহায্য করতে বলা হয়।
১৯৭৬ এ দেশে ফিরে আসার পর হতে ক্রমাগত আমাকে শিক্ষা প্রতিষ্ঠানেই দায়িত্ব পালন করতে হয়েছে এবং আজও হচ্ছে। সেই সাথে প্রায় ২০ বছর ধরে আমাকে হলিক্রস সেমিনারী, নবিশিয়েট, রমনা ইন্টারমিডিয়েট সেমিনারীতে শিক্ষাদান করতে হয়েছে। তা ছাড়া যুবগঠন কার্যক্রমের কো-অর্ডিনেটর, ওয়াইসিএস, আইএমসিএস, পোস্ট-এসএসসি ও পোস্ট-এইচএসসি ছাত্রদের জন্য হেডস্টার্ট

প্রোগ্রাম পরিচালক, নার্সেস গীল্ডের প্রতিষ্ঠা ও আধ্যাত্মিক উপদেষ্টার দায়িত্ব পালন, বাংলাদেশ কাথলিক শিক্ষা কমিশনের সেক্রেটারী ইত্যাদি ক্ষেত্রেও সেবা দিতে হয়েছে। সেমিনারীয়ানদের সঙ্গে করে নিয়ে ঢাকার অদূরে মিশনগুলোতে গিয়ে আগমনকালীন ও তপস্যাকালীন নির্জনধ্যান ও সেমিনার পরিচালনা করা, বড়দিন ও ইষ্টার উপলক্ষে ভক্তজনগণকে বিশেষ করে ছাত্র-ছাত্রী ও যুবদের আধ্যাত্মিক প্রস্তুতিতে সহায়তা করার জন্য এবং যাজকীয় ও সন্ন্যাস জীবনে আহ্বানের প্রতি আকৃষ্ট করার জন্য নির্জনধ্যানের ব্যবস্থা করা, সেমিনার করা, নাটক মঞ্চস্থ করা, জীবন্তিকা রচনা ও অভিনয় পরিচালনা করা ইত্যাদি। এছাড়া সিবিসিবি (কাথলিক বিশপ সম্মেলনী) কর্তৃক আন্তঃমাণ্ডলিক কর্মকাণ্ডে কাথলিক চার্চের প্রতিনিধিত্ব করা ইত্যাদি। জাতীয় টেকস্টবোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়ে ৩য় শ্রেণি হতে দশম শ্রেণি এবং সি-ইন-এড-এর ধর্মশিক্ষা পাঠ্যপুস্তক রচনা ও সম্পাদনা, পোপ মহোদয়ের কয়েকটি সর্বজনীন পত্রের অনুবাদ, কয়েকটি আধ্যাত্মিক পুস্তক অনুবাদ ইত্যাদি কাজ করার সুযোগ হয়েছিল। দায়িত্বপালনের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হলো ১৯৮৬ খ্রিস্টাব্দে পোপ ২য় জনপলের বাংলাদেশ সফরের প্রস্তুতিপর্বে বাংলাদেশ বিশপ সম্মিলনীর নির্দেশে সমন্বয়কারীর ভূমিকা পালন। নিচে সংক্ষেপে নিয়োগপ্রাপ্ত দায়িত্ব পালনের সংক্ষিপ্ত তালিকা দেওয়া হলো।

Jobs/Position Held	Institution/Organization	Year
Assistant Parish Priest	St. Nicholas Parish	May 1971 to Sept. 1972
Director	Holy Cross Formation	Oct. 1972- Sept. 1974
Lecturer	Notre Dame College, Dhaka Teaching Special English Program	1976-1978 1976-
Assistant Professor	Notre Dame College, Dhaka	1979-1982
Assistant Professor & VP	Notre Dame College, Dhaka	1983-1986
Professor & VP	Notre Dame College, Dhaka	1987-1990

Experience in Administration

Position Held	Institution/ Organization	Year
Vice-Principal	Notre Dame College, Dhaka	1991-1997
Vice Provincial	Sacred Heart of Jesus Vice Province	1991-1997
Principal	Notre Dame College, Dhaka	1998-2012
Vice-Chancellor (Acting)	Notre Dame University Bangladesh	2013-

Assignments/ Employment Related Records

Position	Institution/Organization	Duration
Chaplain	Bangladesh Catholic Nurses Guild	1977-1991
Coordinator	Catholic Jubo Sebadol (YCS, IMCS)	1978-1990
Director	Headstart Program at NDC	1982-
Novice Master	Holy Cross Novitiate, Sagardi, Barisal	Nov. 1982- May 1984
Coordinator	Papal Visit Bangladesh (Visit of Pope John Paul II)	1986
Rector/Director	St. Joseph Intermediate Seminary, Ramna	Jan.1988-Jan. 1991
Parish Priest	St. Mary’s Cathedral, Ramna	Jan. 1991- Oct. 1991
President	Bangladesh Conference of Religious (BCR)	1993-1997
Secretary	Bangladesh Catholic Education Commission/Board	1997-2012

Vice-President	Caritas Bangladesh	1995-2012
Chairman	a) Managing Committee, St. Gregory High School, Dhaka b) Managing Committee, St. Francis Xavier High School, Dhaka	1986-2000 1986-2000
Chairman	BARACA (Drug Rehabilitation Center)	1991-2001
Chairman, GB	Archbishop T A Ganguly Teachers Training College	2008-2012
Vice Chancellor	Notre Dame University Bangladesh	2013- 21 August 2017